

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



২০২০-২১ অর্থবছরের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী যুগ্মসচিব
সভার তারিখ	২০ জুলাই ২০২০
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব, মোহাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভায় এ বিভাগের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।


০২। উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম নিয়ে বিষদ আলোচনা হয়। সভায় উল্লেখ করা হয় যে, উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনায় কিছু কার্যক্রম আছে যা মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্ধারন করে দেওয়া আর কিছু কার্যক্রম আছে যা মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্ধারন করতে হয়। সভায়, কার্যক্রমসমূহ ৩.১, ৪.১, ৪.২, ৪.৩, ৯.১, ৯.২, ৯.৩, এবং ১৩.৩ সকলের মতামতের জন্য উপস্থাপন করা হয়। কার্যক্রম ৩.১, ৪.১, ৪.২, ৪.৩, ৯.১, ৯.২, এবং ১৩.৩ এর লক্ষ্যমাত্রা এ বিভাগের গত বছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা ন্যায় নির্ধারন করার জন্য সভায় সকলে একমত পোষণ করেন। কার্যক্রম ৯.৩ এ “উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ /নলেজ শেয়ারিংপ্রোগ্রামে প্রেরণ” এর বিষয়ে উল্লেখ আছে। এ প্রেক্ষিতে সদস্য সচিব জানান যে, করোনা ভাইরাসের মহামারীর কারণে এ বছর বিদেশ প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবেনা। এমতাবস্থায়, সভায় সদস্যগণ বিদেশ প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারন না করার বিষয়ে একমত পোষণ করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৩.১	আগামী ২০ আগস্ট ২০২০ তারিখে ইনোভেশন কমিটির ২য় সভা আয়োজন করতে হবে।	সদস্য সচিব
৩.২	এ বিভাগের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনায় কার্যক্রম ৩.১, ৪.১, ৪.২, ৪.৩, ৯.১, ৯.২, এবং ১৩.৩ গত বছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার অনুকরণে একই লক্ষ্যমাত্রা নির্ধারন করতে হবে।	সদস্য সচিব
৩.৩	করোনা ভাইরাস মহামারীর কারণে এ বিভাগের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনায় ৯.৩ কার্যক্রমে উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ /নলেজ শেয়ারিংপ্রোগ্রামে প্রেরণ এর বিষয়ে কোন লক্ষ্যমাত্রা নির্ধারন করতে হবে না।	সদস্য সচিব
৩.৪	এ বিভাগের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনা আগামী ৩০ জুলাই ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিমের সকল সদস্য

৩.৫	এ বিভাগের ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত শত ভাগ অর্জন/বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিমের সকল সদস্য
-----	---	-------------------------------

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.৮৯

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭
২৮ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)



মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব